FEB. 7 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক ইত্তেফাক



*গতকাল কেন্দ্রীয় শহীদ মিনারে শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের শিক্ষক মহাসমাবেশ অনুষ্ঠিত হয়* —ইত্তেফাক

# শিক্ষক-কর্মচারীদের মহাসমাবেশ অনুষ্ঠিত

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল মঙ্গলবার কেন্দ্রীয় শহীদ মিনারে শিক্ষক কর্মচারী মহাসমাবেশে বলা হইয়াছে, তৃতীয় বিভাগে পাস করা শিক্ষকদের এমপিওভুক্তি বাতিল করার আইনগত কোন ভিত্তি নাই। শিক্ষক কর্মচারী ঐক্যজোট আয়োজিত এই মহাসমাবেশে সভাপতিত্ব করেন প্রধান সমন্বয়কারী অধ্যাপক এম শরীফুল ইসলাম। জোটের সমন্বয়কারী মোঃ সেলিম ভুঁইয়া, শেখ আমানুল্লাহ, মাওলানা এম এ লতিফ, অধ্যক্ষ মাজহারুল হান্নান,, শফিকুল আলম, আবদুর রাজ্জাক প্রমুখ সমাবেশে বক্তৃতা করেন। সমাবেশে ৬ দফা দাবী আদায়ের লক্ষ্যে ১৬ই এপ্রিল ঢাকায় অবস্থান ধর্মঘট আহ্বান করা হইয়াছে। সমাবেশ চলাকালে বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের সভাপতি আমানুল্লাহ কবীর শিক্ষকদের দাবীর প্রতি একাত্মতা ঘোষণা করেন। দুপুর ১২টায় এই সমাবেশ শুরু হইয়া বিকাল ৩টা পর্যন্ত চলে। সমাবেশে দেশের বিভিন্নস্থান হইতে কয়েক হাজার শিক্ষক-কর্মচারী অংশ নেয়।